



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

একজন মুসলিমের আদাব থাকে

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।
আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।
আস-সালাতু ওয়া আস-সালামু' আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।
মাদাদ ইয়া রাসুল আল্লাহু মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহু মাদাদ ইয়া মাশাইখিনা,
শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।
তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

আমাদের পবিত্র নাবী (সাঃ) বলেন, “মানুষের ৩৬০ টি প্রত্যঙ্গ আছে। তোমাদের সাদাকা দেয়া প্রয়োজন সেগুলোর জন্য।” সাহাবাগণ জিজ্ঞেস করেন, “আমাদের কাছে টাকা নেই। আমরা কি করব?” আমাদের পবিত্র নাবী (সাঃ) বলেনঃ “দয়াময় একটি কাজও সাদাকা, সুনাতের একটি কাজও সাদাকা।”

সুনাহ মানে ভালো কাজ করা এবং মানুষকে সাহায্য করা। এমনকি রাস্তা থেকে একটি পাথর সরানোও সাদাকা। কাঁটা সরানোও সাদাকা। এগুলো সাদাকা, সেই প্রত্যঙ্গগুলোর সাদাকা। এভাবে আল্লাহর কাছে কৃতজ্ঞ থাকা যায় এবং এর মাধ্যমে প্রত্যঙ্গগুলো সুস্থ থাকে। মানুষকে ছাড়ো, ইখওয়ান, তারিকার মানুষদের এটা করা প্রয়োজন। যেখানেই তারা যাক, সব জায়গায়, তাদের উচিত নয় আশেপাশের মানুষকে বিরক্ত করা এবং রাস্তায় চলাচলকারী লোকদের সাহায্য করা উচিত।

আমরাও তাই দেখি, যা কিনা কাল হয়েছে, তারা তাদের গাড়ি দারগাহ বা মাসজিদের সামনে রেখে চলে গেছে। মানুষ কিভাবে যাবে? তারা কি করবে? কেউ পাত্তা দিচ্ছে না। পরে যদি কোন মানুষ গালি দেয় বা খারাপ কথা বলে তাহলে গুনাহ হবে। সেই গুনাহর জন্য কে দায়ী হবে? সেই ব্যক্তি।

আমাদের পবিত্র নাবী (সাঃ) বলেন, “রাস্তা থেকে পাথর সরানো যেন তা মানুষের ক্ষতি না করে।” আর তুমি গিয়ে মানুষের ক্ষতি কর রাস্তা বন্ধ করে এবং নিজেকে তারিকাতের মানুষ বল। পরে লোকেরা মাসজিদের সামনে চিল্লাপাল্লা এবং গালি-গালাজ করে যেখানে সে গাড়ি রেখে গেছে। এভাবে বিঘ্ন এবং অস্বস্তি তৈরী হয়। উপরন্তু তুমি মানুষকে দ্বারা গুনাহ করাচ্ছে। সেই গুনাহও ওই ব্যক্তির কাছে যায় যে এ অবস্থার সৃষ্টি করে।

যখন তুমি কিছু করবে, তা যদি ঠিকমত না কর এবং তা অন্য একজনকে গালি দিতে বাধ্য করে, তবে দুজনেই পাপী হবে। তাই মুসলিমদের এবং তারিকাতের মানুষদের আরও আদাব সম্পন্ন, আরো সাবধান হতে হবে এবং আরও দয়ার সাথে চিন্তা করতে হবে। এর মধ্যে থেকে কোন ক্ষতি আসে না এবং তুমি কিছু হারাবেও না। তুমি কিছু হারাবে না, বরং, যদি তুমি ঠিকমত কর তাহলে তোমার আধ্যাত্মিক স্তর বৃদ্ধি পায় এবং মানুষের মাঝেও তোমার মর্যাদা বাড়ে। অতএব, আমাদের এসব জিনিসের ব্যাপারে মনোযোগ দিতে হবে।



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

ভেবো না, "আমরা মুসলিম এবং আমরা যা ইচ্ছা তাই করতে পারি"। তুমি যদি মুসলিম হও তাহলে তুমি আমাদের পবিত্র নাবী (সাঃ) এর কথা শুনবে এবং উনাকে অনুসরণ করবে। আল্লাহ্ আমাদের সবাইকে ভালো আদাব এবং ন্যায্য ব্যবহার দান করুন ইনশাআল্লাহ।

ওয়া মিন আল্লাহ্ আত-তাওফিক। আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
২৩ ডিসেম্বর ২০১৬ / ২৩ রাবিউল আউয়াল ১৪৩৮
ফাজার নামায, আকবাবা দারগাহ।